

তারিখঃ ১১.১২.২০২৩খ্রি.

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি  
৫৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক প্রতিবেদনঃ

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভা ০৩ অক্টোবর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটি কর্তৃক যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় তাঁর বাস্তবায়ন অগ্রগতি নিয়ে তুলে ধরা হলঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের হার
১	পুনঃবীমা বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনলাইনে আয়োজন করা যেতে পারে।	পুনঃবীমা বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনলাইনে আয়োজন করা যাবে।	বাস্তবায়িত	১০০%
২	একাডেমির কর্মকর্তাদের পুনর্বিন্যাসকৃত রুমে নেমেস্টেট স্থাপন করতে হবে।	একাডেমির কর্মকর্তাদের পুনর্বিন্যাসকৃত রুমে নেমেস্টেট স্থাপন করা হয়েছে।	বাস্তবায়িত	১০০%
৩	একাডেমির সুবর্ণজয়ন্তী উপলক্ষে কৃতি শিক্ষার্থীদেরকে ক্রেস্ট প্রদান করা যেতে পারে।	একাডেমির সুবর্ণজয়ন্তী উপলক্ষে কৃতি শিক্ষার্থীদেরকে ক্রেস্ট প্রদান করা হয়েছে।	বাস্তবায়িত	১০০%

*S. M. A.*  
০৩/১২/২০২৩

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি কর্তৃক জীবন বীমা কর্পোরেশনের জন্য ২০২৪ সালের বিভিন্ন  
প্রশিক্ষণ কোর্স চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী (সংশোধিত) :

সভাপতি	: জনাব এস.এম. ইব্রাহিম হোসাইন,ACII. পরিচালক (অ:দা:) বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি
তারিখ ও সময়	: ০৭ ডিসেম্বর ২০২৩, বৃহস্পতিবার, দুপুর ১২:০০ ঘটিকা
সভার স্থান	: বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, ৫৩ মহাখালী বা/এ, ঢাকা
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির ২০২৪ সালের কোর্স ক্যালেন্ডার নিয়ে আলোচনা করা হয়। সভাপতি একাডেমির শিক্ষা সম্প্রসারণ ও প্রশিক্ষণ কর্মকাণ্ডকে আধুনিক ও যুগোপযোগী করতে জীবন বীমা কর্পোরেশনের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করেন। জীবন বীমা কর্পোরেশনের জেনারেল ম্যানেজার (উন্নয়ন বিভাগ) জনাব মীর নূর মোহাম্মদ ও সহকারী জেনারেল ম্যানেজার জনাব মো: শাহিদ ইকবাল এবং ম্যানেজার (প্রশিক্ষণ) জনাব মো: মাহুদুর রহমান সভার শুরুতে জীবন বীমা কর্পোরেশনের জন্য কি কি ধরনের কোর্স দরকার সে বিষয়ে আলোচনার সূত্রপাত করেন। অত:পর প্রস্তাবিত কোর্স ক্যালেন্ডার-২০২৪ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- ২০২৩ সালে একাডেমির কোর্স ক্যালেন্ডারে যে সমস্ত প্রশিক্ষণ কর্মসূচি অন্তর্ভুক্ত করা হয়েছিল যা আয়োজন করা হয় নাই সে সমস্ত কোর্স সমূহ ২০২৪ সালে অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করা হবে।
- ২০২৪ সালে জীবন বীমা কর্পোরেশনের এজেন্টদের (৭২ ঘন্টা এবং ৩৬ ঘন্টা) জন্য সুনির্দিষ্ট ২৯(উনত্রিশ) টি লাইফ ইনসিওরেন্স এজেন্ট কোর্স আয়োজন করা হবে তন্মধ্যে একাডেমির কোর্স ক্যালেন্ডার ২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে ২১টি প্রশিক্ষণ কোর্স অন্তর্ভুক্ত করা হবে।
- একাডেমি জীবন বীমা কর্পোরেশনের সার্বিক সহযোগিতায় এজেন্টগণের জন্য সিলেবাস প্রনয়ণ করবে।
- প্রশিক্ষণ কোর্সসমূহে 'লাইফ ইনসিওরেন্স এজেন্ট'(বাধ্যতামূলক এবং নবায়ন) কোর্স অগ্রাধিকার ভিত্তিতে আয়োজন করা হবে।

লাইফ ইনসিওরেন্স এজেন্ট প্রশিক্ষণ কোর্সের সিলেবাসে এ্যাসাইনমেন্ট, জীবন বীমা কর্পোরেশন ও লাইফ বীমায়  
স্বাক্ষার ও নৈতিকতা, উদ্ভাবনী ধারণা, সেবা প্রদান প্রতিশ্রুতি, গ্রুপ ইনসিওরেন্স ইত্যাদি অন্তর্ভুক্ত করতে হবে।

- ২০২৪ সালের জন্য নির্ধারিত কোর্সের বাহিরে টেইলর মেড/বিশেষ কোন কোর্স করার প্রয়োজন হলে জীবন বীমা কর্পোরেশন থেকে সুনির্দিষ্ট প্রস্তাব একাডেমিতে প্রেরণ করতে হবে। সে অনুযায়ী একাডেমি সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স পরিচালনা করবে।
- প্রশিক্ষণ কোর্সে নতুন কর্মকর্তা/কর্মচারীদের অগ্রাধিকার দিতে হবে এবং প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ঢাকার বাহিরে কোর্স আয়োজনের জন্য একাডেমির একজন সময়কারী পূর্ববর্তী অফিস কার্যদিবসে অর্থাৎ এক দিন পূর্বে প্রশিক্ষণ স্থলে অবস্থান করবে এবং জীবন বীমা কর্পোরেশন এর স্থানীয় শাখা/সেলস কর্মকর্তার সহায়তায় কোর্স অনুষ্ঠায়নের বিষয়টি নিশ্চিত করবে।
- প্রশিক্ষণ কোর্সে ল্যাপটপ, মাল্টিমিডিয়া এবং সাউন্ড সিস্টেম ব্যবহার নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

MC Abul Kalam Azad  
Faculty Member (Grade-2)  
Bangladesh Insurance Academy  
Financial Institutions Division, Ministry of Finance

মোঃ মাহুদুর রহমান  
ম্যানেজার-প্রশিক্ষণ  
জেনারেল ম্যানেজার (ডায়গ্রাফ)-উন্নয়ন

(এস.এম. ইব্রাহিম হোসাইন,ACII)

পরিচালক (অ:দা:)

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি।

ই-মেইল: bangladeshinsuranceacademy@gmail.com